

AP (1st BRTC)
10/09/2017

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
অডিট শাখা
www.rthd.gov.bd

স্মারক নং-৩৫.০০.০০০০.০১০.০১.১২০.১৬-৪১৩

তারিখ: ১০/০৯/২০১৭ খ্রিষ্টাব্দ


বিষয়: সড়ক ও জনপথ অধিদপ্তরের প্রকৌশলীগণকে 'অডিট আপত্তি অনুসন্ধান' লিংক সম্পর্কে অবহিতকরণ প্রসংক্ষে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের নিয়ন্ত্রণাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা এর অডিট সংক্রান্ত তথ্যের ডাটাবেইজ তৈরী করার জন্য অডিট ব্যবস্থাপনা সফটওয়্যার তৈরী করা হয়েছে। ইতোমধ্যে সড়ক ও জনপথ অধিদপ্তরের ৬৫টি বিভাগ এবং যান্ত্রিক জোনের বিভাগসমূহ এ সফটওয়্যারের আওতায় আনা হয়েছে। পর্যায়ক্রমে সকল জোন, সার্কেল এবং প্রকল্পসমূহ এ সফটওয়্যারের আওতায় আনা হবে।

২। ৬৫টি সড়ক বিভাগ এবং যান্ত্রিক জোনের বিভাগসমূহের নির্বাহী প্রকৌশলীগণ কর্তৃক এ সফটওয়্যারে আপলোডকৃত অডিট আপত্তি সংক্রান্ত ডাটাবেইজ হতে সওজ এর সকল প্রকৌশলী যাতে তার কর্মকালীন সময়ে উত্থাপিত অডিট আপত্তি সম্পর্কে অবহিত হতে পারেন সে জন্য 'অডিট ব্যবস্থাপনা সফটওয়্যার' এ 'অডিট আপত্তি অনুসন্ধান' নামে একটি নতুন লিংক সংযুক্ত করা হয়েছে। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েবসাইট এর ই-ব্যবস্থাপনা বক্সে অডিট ব্যবস্থাপনা সফটওয়্যার এর নিচে 'অডিট আপত্তি অনুসন্ধান' লিংকটি পাওয়া যাবে। অথবা 'অডিট ব্যবস্থাপনা সফটওয়্যার' বাটনে ক্লিক করলে যে পেজ ওপেন হবে তার নিচের দিকে বাম পার্শ্বে অপশনটি পাওয়া যাবে। 'অডিট আপত্তি অনুসন্ধান' লিংকটি চাপ দিয়ে সংশ্লিষ্ট প্রকৌশলীর নিজের নাম (বাংলায়) অথবা তার আইডি নম্বর অথবা নাম এবং আইডি উভয়ই সংযুক্ত করে খুজুন বাটনে চাপ দিলে বিভিন্ন জায়গায় তার কর্মকালীন সময়ে উত্থাপিত অডিট আপত্তির তথ্য দেখা যাবে।

৩। মাঠ পর্যায়ে কর্মরত নির্বাহী প্রকৌশলীগণ যথাযথ নিয়ম অনুসরণ করে অডিট সংক্রান্ত তথ্য উপাত্ত আপলোড এবং নিয়মিত মনিটরিং করলে ডাটাবেইজটি অনেক সমৃদ্ধ হবে এবং তা প্রকৌশলীগণের কর্মকালীন সময়ে উত্থাপিত অডিট আপত্তি নিষ্পত্তিতে এবং পেনশন সংক্রান্ত জটিলতা নিরসনে কার্যকর ভূমিকা রাখবে।

৪। এমতাবস্থায়, অডিট আপত্তি সংক্রান্ত তথ্য জানার জন্য সড়ক ও জনপথ অধিদপ্তরের সকল প্রকৌশলীকে 'অডিট আপত্তি অনুসন্ধান' লিংকটির বিষয়ে অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং জরুরি ভিত্তিতে যথাযথভাবে অডিট সংক্রান্ত সকল তথ্য 'অডিট ব্যবস্থাপনা সফটওয়্যার' এ আপলোডের নিমিত্ত সকল নির্বাহী প্রকৌশলীকে নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


১০.০৯.১৭

(মোহাম্মদ ফারুক হোসেন)

উপসচিব

ফোন: ৯৫৭৪৫৩৪

ই-মেইল: sasaudit@rthd.gov.bd

প্রধান প্রকৌশলী

সড়ক ও জনপথ অধিদপ্তর

সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

অনুলিপি:

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল জোন), সড়ক ও জনপথ অধিদপ্তর | তাঁর নিয়ন্ত্রণাধীন সকল বিভাগের প্রকৌশলীগণকে বিষয়টি অবহিতকরণের অনুরোধসহ।
- ২। পরিচালক (নিরীক্ষা ও হিসাব), সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৩। উপসচিব (ডিটিসিএ ও ডিএমটিসি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ৫। উপসচিব (বাজেট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ। ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
- ৭। সিস্টেম এনালিস্ট, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা। ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
- ৮। অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ৯। অফিস কপি/মাস্টার কপি।